# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-১০(২৭৫)জাতীঃবিঃ/এনইউ ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম/২০২৫/৩২১৩ তারিখ: ২৫/০৬/২০২৫

## জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

## ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

[বিঃদ্রঃ- জাতীয় বিশ্ববিদ্যালয় একটি অনাবাসিক বিশ্ববিদ্যালয় বিধায় ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তিকৃত কোন শিক্ষার্থীকে আবাসিক সুবিধা দেয়া হবে না।]

**আবেদনের তারিখ: ২৬ জুন ২০২৫ তারিখ থেকে ৩১ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত**

**ভর্তি পরীক্ষা: ৫ সেপ্টেম্বর ২০২৫, শুক্রবার**

**সময়: সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত**

[পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ সকাল ১০:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্রে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।]

পরীক্ষা কেন্দ্র: ঢাকা ও গাজীপুর মহানগরে অবস্থিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ করা হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তত্ত্বাবধানে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম ২৬ জুন ২০২৫ তারিখ বিকাল ৪টা থেকে ৩১ জুলাই ২০২৫ তারিখ রাত ১২টার মধ্যে পূরণ করতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ৭ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

১। ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে অর্ন্তভুক্ত বিষয়সমূহ:

| | | |
|---|---|---|
| ১। | এল.এল.বি | এ শিক্ষা কার্যক্রম জাতীয় বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারিত ক্যাম্পাসে নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত হবে। |
| ২। | বি.বি.এ | |
| ৩। | ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | |
| ৪। | নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স | |

২। প্রাথমিক আবেদনের ন্যূনতম যোগ্যতা:

ক) বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে আবেদনের ন্যূনতম যোগ্যতা

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২১/২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৩/২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| i) | মানবিক শাখা<br>ও<br>ব্যবসায় শিক্ষা শাখা<br>ও<br>বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা | ৩.০ | ৩.০ | ৬.৫ |
| ii) | বিজ্ঞান শাখা<br>ও<br>বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) শাখা | ৩.৫ | ৩.৫ | ৭.৫ |

খ) ২০২১/২০২২ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৩/২০২৪ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (adm.hons@nu.ac.bd) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে এ সকল আবেদনকারীকে ৩১ জুলাই ২০২৫ তারিখের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা জমাদানের রশিদ সংগ্রহ করে সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষায়

অংশগ্রহণ করতে হবে এবং ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (**Admit Card**) সংগ্রহ করতে হবে।

গ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (**adm.hons@nu.ac.bd**) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরুপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে এ সকল আবেদনকারীকে ৩১ জুলাই ২০২৫ তারিখের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা জমাদানের রশিদ সংগ্রহ করে সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (**Admit Card**) সংগ্রহ করতে হবে।

ঘ) আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে গ্রুপ/শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই গ্রুপ/শাখার জন্য নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি গ্রুপ/শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের মানবিক গ্রুপ/শাখার আবেদন ফরম পূরণ করতে হবে।

ঙ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (**Eligible**) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.৫ থাকতে হবে।

চ) ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ বা অন্য কোন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত কোন শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য নির্বাচিত হলে, উক্ত শিক্ষার্থীকে পূর্ববর্তী ভর্তি বাতিল করে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি হতে হবে। একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

### ৩। ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম বিষয় নির্বাচন সম্পর্কিত যোগ্যতা:

| ক্রমিক | ভর্তিচ্ছু প্রোগ্রাম/ বিষয় | নিম্নের বিষয়/বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.৫ পেতে হবে। | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বণ্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ১।<br>[ | এল.এল.বি | ১। বাংলা (Bangla)<br>২। ইংরেজি (English) | মানবিক শাখা → ৬০%<br>বিজ্ঞান শাখা → ২০%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ২০% |
| ২। | বি.বি.এ | ১। হিসাববিজ্ঞান (Accounting)<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance)<br>৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (Production Mangement & Marketing)<br>৫। অর্থনীতি (Economics)<br>৬। পরিসংখ্যান (Statistics)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৮। পদার্থ বিজ্ঞান (Physics) | ব্যবসায় শিক্ষা শাখা → ৮০%<br>বিজ্ঞান শাখা → ১০%<br>মানবিক শাখা → ১০% |
| ৩। | ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | ১। হিসাববিজ্ঞান (Accounting)<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance)<br>৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন(Production Management & Marketing)<br>৫। অর্থনীতি (Economics)<br>৬। পরিসংখ্যান (Statistics)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৮। পদার্থ বিজ্ঞান (Physics)<br>৯। সমাজবিজ্ঞান (Sociology)<br>১০। সমাজকল্যাণ (Social Welfare)<br>১১। পৌরনীতি ও সুশাসন (Civics)<br>১২। গার্হস্থ্য বিজ্ঞান (Home Science)<br>১৩। ভূগোল (Geography) | ব্যবসায় শিক্ষা শাখা → ৬০%<br>বিজ্ঞান শাখা → ২০%<br>মানবিক শাখা → ২০% |
| ৪। | নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স | ১। জীববিজ্ঞান (Biology)<br>২। রসায়ন (Chemistry)<br>৩। পদার্থ বিজ্ঞান (Physics )<br>৪। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৫। পরিসংখ্যান (Statistics) | বিজ্ঞান শাখা → ১০০% |

### ৪। প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়:

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (**www.nu.ac.bd/admissions**) এর **Honours Tab** এ গিয়ে **Apply Now ( NU Undergraduate Program)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে উক্ত শিক্ষার্থীকে ভর্তি সংক্রান্ত তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে।

গ) প্রাথমিক তথ্য প্রদানের পর আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) প্রোগ্রাম/বিষয়ের তালিকা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত প্রোগ্রাম/বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। পরবর্তীতে আবেদনকারীর এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে প্রোগ্রাম/বিষয় বরাদ্দ দেয়া হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম ও পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50KB. আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর Application ID ও পিন কোড প্রদর্শিত হবে। পরবর্তীতে আবেদনকারীকে Application ID ও পিন কোড ব্যবহার করে Download Pay Slip অপশন থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ছ) কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant Login (NU Undergraduate Login) অপশনে Application ID ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the OTP অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদনে প্রদত্ত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। তবে কোন প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার পর ফরম বাতিল করতে পারবে না। আবেদনকারী এ সুযোগ কেবলমাত্র একবারই পাবে।

জ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি/ কোন তথ্য ভুল অথবা অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

**৫। পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে আবেদন ফরম ডাউনলোড:**

ক) পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দিলে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে। এ পর্যায়ে আবেদনকারীকে তার Application ID ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login (NU Undergraduate Login) অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

খ) প্রাথমিক আবেদন ফি পরিশোধ করা না হলে প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

<u>**নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন:**</u>

অনলাইনে আবেদন করুন → অনলাইন গেটওয়ে ব্যবহার করুন → অথবা পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন → পে-স্লিপটি সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিন। পে-স্লিপ অথবা অনলাইন গেটওয়ে এর মাধ্যমে ফি পরিশোধের পর আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে। পরবর্তীতে আবেদনকারীকে Applicant Login (NU Undergraduate Login) অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

**৬। ভর্তি পরীক্ষা সম্পর্কিত তথ্য ও নির্দেশনা:**

ক) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ/শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে দিতে হবে। MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় ভুল উত্তরের জন্য কোন নম্বর কর্তন করা হবে না।

খ) ভর্তি পরীক্ষার নম্বর বন্টন সম্পর্কিত জ্ঞাতব্য:

| উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত গ্রুপ | বাংলা | ইংরেজি | সাধারণ জ্ঞান | প্রত্যেক গ্রুপের জন্য আলাদাভাবে উচ্চমাধ্যমিক পর্যায়ের বিষয়ভিত্তিক প্রশ্ন | MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার মোট নম্বর | এস.এস.সি. /সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৪০% (৪র্থ বিষয়সহ) | এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৬০% (৪র্থ বিষয়সহ) | সর্বমোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|
| মানবিক গ্রুপ | ২০ | ২০ | ২০ | ৪০ | ১০০<br>(ভর্তি পরীক্ষার পাশ নম্বর হবে ৩৫) | ৪০ | ৬০ | ২০০ |
| বিজ্ঞান গ্রুপ | ২০ | ২০ | ২০ | ৪০ | | | | |
| ব্যবসায় শিক্ষা গ্রুপ | ২০ | ২০ | ২০ | ৪০ | | | | |

গ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড:

আবেদনকারী শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login (NU Undergraduate Login) অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে (Admit Card) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে এবং শিক্ষার্থীকে উক্ত কেন্দ্রে উপস্থিত থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ঘ) পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও HSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থী ক্যালকুলেটর, মোবাইল ফোন ও যে কোন ধরণের ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

ঙ) পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখে সকাল ১০:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্রে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

৬। মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম ও পোষ্য (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন:

| কোটার প্রকৃতি | একটি বিষয়ে সর্বোচ্চ ০৮ (আট) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। (বিষয়ভিত্তিক আসন বন্টন) | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। |
| ক্ষুদ্র নৃগোষ্ঠী | ০১ টি | |

| | | |
|---|---|---|
| বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম | ০১ টি | |
| পোষ্য | ০৩ টি | আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য কোটার প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। |
| মোট | ০৮ টি | |

উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

৭। মেধা তালিকা প্রণয়ন পদ্ধতি ও বিষয় বণ্টন

ক) বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ/শাখার জন্য ১০০ নম্বরের **MCQ** পদ্ধতিতে ভর্তি পরীক্ষার পাশ নম্বর হবে ৩৫।

খ) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সর্বমোট ২০০ (দুইশত) নম্বরের ভিত্তিতে মেধাক্রম প্রণয়ন করা হবে এবং শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম ও মেধাক্রম অনুসারে বিষয় বরাদ্দ দেয়া হবে।

গ) দুই বা ততোধিক আবেদনকারীর মেধাঙ্কোর এক হলে সেক্ষেত্রে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম প্রণয়ন করা হবে:

**i)** ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর যার বেশী হবে;

**ii)** এস.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত **GPA-** এর ৪০% (৪র্থ বিষয় ব্যতীত) ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত **GPA-** এর ৬০% (৪র্থ বিষয় ব্যতীত) এর যোগফল যার বেশী হবে;

**iii)** এস.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৪০% (৪র্থ বিষয়সহ) ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৬০% (৪র্থ বিষয়সহ) এর যোগফল যার বেশী হবে;

**iv)** এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, সেক্ষেত্রে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

ঘ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে মেধা তালিকা ও কোটার মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে।

ঙ) এ ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।

চ) আবেদনকারীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে মেধা তালিকার ফলাফল জানতে পারবে।

৮। মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য:

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন **(Login)** | মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login (NU Undergraduate Login)** অপশনে গিয়ে সঠিক **Application ID** ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম, বরাদ্দকৃত প্রোগ্রাম/বিষয় ও অন্যান্য তথ্যসহ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি সংগ্রহ | সঠিক তথ্যপূর্ণ ভর্তির আবেদন ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করলে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম ও পে-স্লিপ ওয়েবসাইটে প্রদর্শিত হবে। ভর্তি ফরম ও পে-স্লিপ ডাউনলোড করে দুই কপি **A4** সাইজের অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। প্রয়োজনে পরবর্তীতে **Application ID** ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন **(gateway)** অথবা পে-স্লিপ ডাউনলোড করে ভর্তি ফি বাবদ ১০,০৩৫/- (দশ হাজার পঁয়ত্রিশ) টাকা জমা দিতে হবে। |
| সংশ্লিষ্ট বিভাগে চূড়ান্ত ভর্তি ফরম জমা | আবেদনকারীকে প্রিন্ট করা চূড়ান্ত ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। শিক্ষার্থী কর্তৃক স্বাক্ষরিত চূড়ান্ত ভর্তি ফরমের কপি ও ভর্তি ফি বাবদ ১০,০৩৫/- (দশ হাজার পঁয়ত্রিশ) টাকা জমা দেওয়ার পে-স্লিপ/প্রমাণপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। |
| বিষয় পরিবর্তন সম্পর্কিত জ্ঞাতব্য | কোন শিক্ষার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হলে পরবর্তীতে তার বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| কোটার ফলাফল | মেধা তালিকার ভর্তি শেষ হলে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। |

বি.দ্র.:- এই ভর্তি বিজ্ঞপ্তির যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভাইস-চ্যান্সেলর মহোদয় এর অনুমোদনক্রমে

২৫.০৬.২০২৫

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
টেলিফোন: ০২৯৬৬৯১৫৬৮
ই-মেইল: adm.hons@nu.ac.bd

স্মারক নং-১০(২৭৫)জাতীঃবিঃ/এনইউ ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম/২০২৫/ তারিখ: --/০৬/২০২৫

অনুলিপি:

১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়

২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়

৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়

৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়

৮। অফিস কপি।